# উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর **স্বাস্থ্য সেবার** সার্বিক চিত্র

# (Over view of Health Care Provided By Upazila Health complex, Serajdikhan, Munshiganj)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ ও ভবিষ্যত পরিকল্পনা ঃ

**সাম্প্রতিক বছরসমুহের প্রধানঅর্জনসমুহ ঃ**

বিগত কয়েক বছরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, **সিরাজদিখান**, মুন্সীগঞ্জ এর সেবার মান ব্যাপক উন্নতি লাভ করেছে। এ উপজেলায় প্রাতিষ্ঠানিক ডেলিভারীর হার প্রায় ৬০%। তাই এই উপজেলায় মাতৃমৃত্যু ও শিশুমৃত্যু অনেক কম। এ উপজেলায় দক্ষ ফিল্ড সার্ভিসের মাধ্যমে জন্মের এক বছরের মধ্যে প্রায় ১০০% শিশুকে টিকা প্রদান করে থাকে। কোভিড-১৯ এর রোগীর স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে অত্র উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রয়েছে ২০ শয্যার ১টি আইসোলেশন সেন্টার এবং ফ্লু কর্ণার। অত্র উপজেলায় কোভিড-১৯ সংক্রমনের হার দেশের অন্যান্য অনেক জেলার থেকেও বেশী হওয়া সত্ত্বেও অত্র উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সকলেন ঐকান্তিক ও নিরলস প্রচেষ্টায় পরিস্হিতি নিয়ন্ত্রনে রাখা সম্ভবপর হয়েছে। গত ৩ বছরে এ স্বাস্থ্য কমপ্লেক্সে বেশ কয়েকটি নতুন সেবা শুরু হয়েছে।এরমধ্যে আইসোলশন ইউনিট, ফ্লু-কর্ণার,এনসিডি কর্ণার,আইএমসিআই কর্ণার,ডেঙ্গু কর্ণার, রক্ত-পরিসঞ্চালন, মাইনর সার্জারী উল্লেখযোগ্য। বেশ কয়েকটি সেবার মান ও সংখ্যা উন্নতি হয়েছে। এরমধ্যে বহিঃবিভাগ সেবারমান ও সংখ্যা, অন্তঃবিভাগ সেবারমান ও বেড অকুপেন্সী রেট, জরুরীবিভাগের সেবার মান ও সংখ্যা, প্যাথলজি বিভাগেরমান ও সংখ্যা, বহিঃবিভাগের জরায়ু স্ক্রিনিং টেষ্টএরসংখ্যা, এন্টিন্যাটাল চেকআপ, পোষ্টন্যাটাল চেকআপ এবং নরমাল ডেলিভারীরমান সংখ্যা উল্লেখযোগ্য। এ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ২০১৯ সালে নরমাল ডেলিভারীর সংখ্যা ৩৯১, ২০২০ সালে নরমাল ডেলিভারীর সংখ্যা ২৪ এবং ২০২১ সালে নরমাল ডেলিভারীর সংখ্যা ২৯৩। ২০১৯ সালের বেড অকুপেন্সী রেট ৭৭% , ২০২০ সালের বেড অকুপেন্সী রেট ৭৮% এবং ২০২১ সালের বেড অকুপেন্সী রেট ৮৫%। ২০১৯ সালের এন্টিনেটাল চেকআপ এর সংখ্যা ৪১১৯, ২০২০ সালের এন্টিনেটাল চেকআপ এর সংখ্যা ২৯৫৮ এবং ২০২১ সালের এন্টিনেটাল চেকআপ এর সংখ্যা ৩১৬৩। ২০১৯ সালের বহিঃবিভাগ রোগীর সংখ্যা ১৪০০৫৩, ২০২০ সালের বহিঃবিভাগ রোগীর সংখ্যা ৭৮৪৪৬ এবং ২০২১ সালের বহিঃবিভাগ রোগীর সংখ্যা ১০৮০৬৯।২০১৯ সালে জরুরী বিভাগের রোগীর সংখ্যা ১৮৩৭৯, ২০২০ সালে জরুরী বিভাগের রোগীর সংখ্যা ১০১৭৫ এবং ২০২১ সালে জরুরী বিভাগের রোগীর সংখ্যা ১৭৯৬৬। এ হাসপাতালে অধিকতর খারাপ ও অসুস্থ রোগীদের জন্য ২৪ ঘন্টা অ্যাম্বুলেন্স সার্ভিসচালু আছে। উপজেলা প্রশাসনের বিভিন্ন জাতীয় প্রোগ্রামে স্বাস্থ্য সেবা প্রদানের জন্য মেডিকেল টিম প্রদান করা হয় এবং এই মুন্সীগঞ্জ জেলার মাওয়া ঘাটে অবস্থিত পদ্মা-ব্রীজের কার্যক্রম পরিদর্শনে আগত বাংলাদেশের প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রীর বহরে মেডিকেল টিম দিয়ে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়। এছাড়া ইজতেমা ও শেখরনগরে পুজা কার্যক্রমে মেডিকেল টিম জরুরী স্বাস্থ্য সেবায় নিয়োজিত থাকে। সম্প্রতি ২০ শয্যার আধুনিক ও সুসজ্জিত আইসোলেশন ইউনিট চালু,বহি:বিভাগে আধুনিক এনসিডি

কর্ণার, সকল বিভাগে সুরক্ষা চেম্বার,পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম ও নয়নাভিরাম বাগান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের শোভা বর্ধনে এক অনন্য উজ্জল দৃষ্টান্ত ।

সারাবিশ্বে ২০২০ সালে কোভিড-১৯ মহামারি শুরু হলে সেটা আমাদের দেশেও আঘাত হানে। মাননীয় প্রধানমন্ত্রীর দিকনির্দেশনায় উপজেলা স্বাস্থ্য বিভাগ এই কোভিড-১৯ মোকাবিলায় দক্ষতার পরিচয় দেয়। প্রশাসনের সহায়তায় সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ২০১৮ বাস্তবায়নের মাধ্যমে জনগণকে কঠোর স্বাস্থ্যবিধি অনুসরণসহ দ্রুততার সাথে রোগী সনাক্তকরণসহ আইসোলেশন ও কোয়ারেন্টাইন নিশ্চিত করতে সক্ষম হয়। ফলে মহামারির শুরুতে অত্র উপজেলায় কোভিড-১৯ সংক্রমণের হার বৃদ্ধি পেলেও তা অতিদ্রুত নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়। সরকারি নির্দেশ মোতাবেক উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হাসপাতালে ২৬ শয্যার একটি আইসোলেশন ইউনিট প্রতিষ্ঠা করা হয় যেখানে দেয়া হয় করোনক্রান্ত রোগীদের চিকিৎসা। এখন পর্যন্ত কোভিড-১৯, ২৪৪৩ জন কোভিড-১৯ পজিটিভ রোগী অত্র স্বাস্থ্য কমপ্লেক্স হইতে চিকিৎসা সেবা গ্রহন করেন যাদের মধ্যে ৮১৭ জন হাসপতালের আইসোলেশন ইউনিটে ভর্তি হয়ে চিকিৎসা গ্রহণ করে সুস্থ হয়ে বাড়ি ফিরেন, বিপরীতে মৃতের সংখ্যা শূন্য (০)। গত ০৭ ফেব্রুয়ারি ২০২১ থেকে সারাদেশব্যপী একযোগে কোভিড-১৯ ভ্যাক্সিনেশন কার্যক্রম শুরুর পর থেকে অত্র উপজেলায় ২৭৬৩৯১ জনকে ১ম ডোজ, ২২৪৪৭৮ জনকে দ্বিতীয় ডোজ এবং ১৩৫৫৮৯ জনকে ৩য় ডোজ ভ্যাক্সিন প্রদান করা হয় (১৭ সেপ্টেম্বর ২০২২ইং)। হাসপাতালে স্বাস্থ্যসেবার মান ও কলেবর বৃদ্ধি পাওয়ায় সেবাগ্রহীতার হার বৃদ্ধি পেয়েছে, বেড অকুপেন্সি রেট ৮৮ এর ও অধিক। অসংক্রামক রোগ নিয়ন্ত্রনে, সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তির জরুরি স্বাস্থ্যসেবা, অগ্নিদদ্ধ রোগীদের চিকিৎসা ব্যবস্থা যোরদার করণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। স্বাস্থ্যসেবা ব্যবস্থায় পরিবীক্ষণ ও মূল্যায়ন ব্যবস্থা চালুকরণের ফলে সেবা সহজিকরণ সম্ভব হয়েছে। স্বাস্থ্য ব্যবস্থাপনায় তথ্য প্রযুক্তির প্রবর্তন করা হয়েছে। স্বল্প পরিসরে সামাজিক যোগাযোগ মাধ্যমের দ্বারা ই-হেলথ সার্ভিস ও টেলিমেডিসিন সেবা চালু করা হয়েছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহঃ**

সীমিত সম্পদ ও দক্ষ মানব সম্পদের  স্বল্পতা, অপ্রতুল ও নন-কোয়ালিফাইড মেডিকেল যন্ত্রপাতী, দুর্বল অবকাঠামো, বেসরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠানের উপর সরকারের সীমিত নিয়ন্ত্রন, চিকিৎসা ব্যয়ের সিংহভাগ (প্রায় ৬৭%) সেবা গ্রহীতার নিজের বহন, অসংক্রামক ব্যাধির দ্রুত বিস্তার লাভ, আউটসোসিং এর মাধ্যমে নিয়োগ প্রাপ্ত চতুর্থ শ্রেণীর কর্মচারী সঠিক পরিমান ও নিয়মিত ভাবে না থাকা, মাঠ পর্যায়ের ভ্যাকসিনেশন প্রোগ্রাম পরিচালনের জন্য পর্যাপ্ত স্বাস্থ্য সহকারী না থাকা এবং ক্রম বর্ধমান জনসংখার বিপরীতে চিকিৎসকের অসমানুপাতিক হার।

**ভবিষ্যত পরিকল্পনা ঃ**

অত্র উপজেলার প্রান্তিক জনগনের স্বাস্থ্য সেবা উন্নত করার জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর বহিঃবিভাগ, অন্তঃবিভাগ ও জরুরী বিভাগের  সেবারমান ও যন্ত্রপাতীর মান উন্নতিকরন, মাতৃ মৃত্যু রোধে প্রাতিষ্ঠানিক ডেলিভারীর সংখ্যা ও মান বৃদ্ধিকরন, জরায়ূ ক্যান্সার হ্রাস করনে জরায়ূ ক্যান্সারস্ক্রিনিং টেষ্টের সংখ্যা বৃদ্ধিকরন,আইএমসিআই কর্ণার ও শিশু বিভাগে চিকিৎসার মান বৃদ্ধিকরনের মাধ্যমে শিশুমৃত্যুর হার হ্রাসকরন এবং কমিউনিটি ক্লিনিক কর্ণারেরম াধ্যমে কমিউনিটি ক্লিনিক হতে রেফারেল রোগীর সংখ্যাবৃদ্ধি করা।

**২০২২-২৩ অর্থ বছরে সম্ভাব্য প্রধান অর্জনসমূহ ঃ**

- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর বহিঃবিভাগ, অন্তঃবিভাগ ও জরুরী বিভাগের  সেবার মান ও যন্ত্রপাতীর মান উন্নতিকরন
- কেভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় ঔসধপত্র সরবরাহ এবং টেলিমেডিসিন সেবা জোরদার করন
- হাসপাতালের বেড অকুপেন্সী রেট বৃদ্ধি
- এএনসি কর্ণারে এএনসি ও পিএনসি এর সেবার মান ও সংখ্যা বৃদ্ধি
- এনসিডি কর্ণারে  সেবার সংখ্যা ও মান বৃদ্ধি।
- নরমাল ভ্যাজাইনাল ডেলিভারীর ও সিজারিয়ানের সংখ্যা ও সেবার মান বৃদ্ধি
- জরায়ু ক্যান্সার স্ক্রিনিং টেষ্টের সংখ্যা বৃদ্ধিকরন
- আইএমসিআই কর্ণার ও শিশু বিভাগে চিকিৎসার মান বৃদ্ধি
- প্যাথলজি বিভাগের সেবার সংখ্যা ও মানবৃদ্ধি
- কমিউনিটি ক্লিনিক কর্ণারের মাধ্যমে কমিউনিটি ক্লিনিক হতে রেফারেল রোগীর সংখ্যা বৃদ্ধি।

# ক. সাধারণ তথ্যাবলী

**১.স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের নামঃ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।**

**২. জনবল সংক্রান্ত তথ্যঃ**

| ক্র. নং | পদেরনাম | মঞ্জুরীকৃত পদ | পূরণকৃতপদ | | | সংযুক্তিতেঅ ন্যত্রকর্মরত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | পুরুষ | নারী | মোট | | |
| ১। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | ১ | ০ | ১ | ১ | | |
| ২। | জুনিয়রকনসালটেন্ট | | | | | | |
| | মেডিসিন | ১ | ০ | ০ | ০ | | |
| | সার্জারী | ১ | ০ | ০ | ০ | | |
| | গাইনীএন্ডঅবস | ১ | ০ | ১ | ১ | | |
| | অর্থোপেডিক্স | ১ | ১ | ০ | ১ | | |
| | নাক, কান ও গলা | ১ | ০ | ০ | ০ | | |
| | চক্ষু | ১ | ০ | ০ | ০ | | |
| | কার্ডিওলজি | ১ | ০ | ১ | ১ | | |
| | শিশু | ১ | ১ | ০ | ১ | | |
| | চর্ম ও যৌনরোগ | ১ | ০ | ০ | ০ | | |
| | এ্যানেস্থেশিয়া | ১ | ০ | ১ | ১ | | |
| | ফিজিক্যালমেডিসিন | ১ | ০ | ০ | ০ | | |
| | অন্যান্য | | | | | | |
| ৩। | আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) | ১ | ১ | ০ | ১ | | |
| ৪। | মেডিকেল অফিসার | ২৪ | ৯ | ১৩ | ২২ | | **০২ এমও অনানুমোদিত অনুপস্থিত, সাব সেন্টার সহ ,২ জন প্রেষনে** |
| ৫ | ডেন্টাল সার্জন | ১ | ১ | ০ | ১ | | |
| ৬। | মেডিকেল অফিসার হোমিওপ্যাথিক) | ০ | ০ | ০ | ০ | | |
| ৭। | মেডিকেল অফিসার (ইউনানী ও আয়ুর্বেদিক) | ১ | ০ | ০ | ০ | | |
| ৮। | নার্সিং সুপারভাইজর | ০ | ০ | ০ | ০ | | |
| ৯। | সিনিয়র স্টাফ নার্স | ৩০ | ৩ | ২৭ | ৩০ | | |
| ১০। | মিডওয়াইফ | ১২ | ০ | ১২ | ১২ | | |
| ১১। | এমটি (ল্যাব) | ৩ | ৩ | ০ | ৩ | | |
| ১২। | এমটি (ইপিআই) | ১ | ১ | ০ | ১ | | |
| ১৩। | এমটি(রেডিওলজি) / রেডিওগ্রাফার | ১ | ০ | ০ | ০ | | |
| ১৪। | এমটি (ডেন্টাল) | ১ | ০ | ১ | ১ | | |
| ১৫। | কার্ডিওগ্রাফার | ১ | ০ | ০ | ০ | | |
| ১৬। | মেডিকেল এসিস্ট্যান্ট/এসএসিএমও | ১৯ | ১০ | ৪ | ১৪ | | **সাব সেন্টার সহ** |
| ১৭। | প্রধান সহকারী / হেড অ্যাসিস্ট্যান্ট | ১ | ০ | ০ | ০ | | |
| ১৮। | হিসাব রক্ষক | ১ | ১ | ০ | ১ | | |
| ১৯। | অফিস অ্যাসিস্ট্যান্ট | ৩ | ৩ | ০ | ৩ | | |
| ২০। | ক্যাশিয়ার | ১ | ০ | ১ | ১ | | |
| ২১। | ফার্মাসিস্ট | ১০ | ২ | ০ | ২ | | **সাব সেন্টার সহ** |
| ২২। | স্টোরকিপার | ১ | ১ | ০ | ১ | | |
| ২৩। | পরিসংখ্যানবিদ | ১ | ১ | ০ | ১ | | |
| ২৪। | জুনিয়রমেকানিক | ১ | ০ | ০ | ০ | | |
| ২৫। | অফিসসহায়ক | ১২ | ০ | ০ | ০ | | **সাব সেন্টার সহ** |
| ২৬। | এ্যাম্বুলেন্সড্রাইভার | ১ | ১ | ০ | ১ | | |
| ২৭। | মালি | ১ | ০ | ০ | ০ | | |
| ২৮। | পরিচ্ছন্নতাকর্মী | ১ | ০ | ২ | ২ | | |
| ২৯। | আউটসোর্সিংজনবল | ১১ | ১০ | ১ | ১১ | | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৩০। | টিএলসিএ | ০১ | ০১ | ০ | ০ | | |
| ৩১ | হারবাল সহকারী | ০১ | ০ | ০১ | ০১ | | |
| | **মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য** | | | | | | |
| ১। | স্বাস্থ্য পরিদর্শক | ০৪ | ০২ | ০ | ০২ | | |
| ২। | সহকারী স্বাস্থ্য পরিদর্শক | ১১ | ০১ | ১০ | ১১ | | |
| ৩। | স্বাস্স্থ্য সহকারী | ৫৫ | ১৩ | ১২ | ২৫ | | |
| ৪। | সিএইচসিপি | ৩২ | ০৬ | ২৪ | ৩০ | | |

**৩. প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামো সংক্রান্ত তথ্যাদিঃ**

| ক্র. নং | ভবনের নাম | ভবনের সংখ্যা | নির্মাণকাল | সর্বশেষ মেরামতের সময়কাল | মন্তব্য (ভবনের অবস্থা) |
|---|---|---|---|---|---|
| ১ | পুনাতন হাসপাতাল ভবন | ১ | ১৯৬৮ | ২০২২ | সেবাদানকারী সংখ্যা বিবেচনায় পুরাতন ২তলা ভবন অপসারন পূবক নতুন ৫ম তলা ভবন নির্মান অতীব প্রয়োজন । |
| ২ | ইউএইচএন্ড এফপিও | ১ | ১৯৬৮ | | ভবনটি জরার্জীন বিধায় নতুন ভবন অতীব প্রয়োজন |
| ৩ | আবাসিক ভবন ( অফিসার) | ৪ | ১৯৬৮ ২০১০ | | ০৩ টি ভবন জরার্জীন |
| ৪ | ডাক্তার ও নাস ডমেটরী | | | | ডাক্তার ও নাস ডর্মেটরী ভবন অতীব প্রয়োজন |
| ৫ | আবাসিক ভবন ( ৩য় ও ৪থ | ০৮ | ১৯৬৮ ২০১০ | | ৩য় ও ৪থ শ্রেনী ভবনগুলি অধিক পুরাতন ও জরাজীন বিধায় নতুন ভবন নিমাণ প্রয়োজন । |
| ৬ | ষ্টোর ভবন | ০ | ০ | ০ | নতুন ০১ টি ষ্টোর ভবন প্রয়োজন |

**৪. স্বাস্থ্য সেবা সম্পর্কিত তথ্যাদিঃ**

ক. মোট শয্যা সংখ্যাঃ ৫০ খ. কেবিনসংখ্যাঃ ০২

**৫. যানবাহন সংক্রান্ত তথ্যাদিঃ**

| ক্র.নং | যানবাহনের ধরণ | সংখ্যা | উৎস | টিওএন্ডই ভূক্ত কিনা | প্রাপ্তির তারিখ | বর্তমান অবস্থা (সংখ্যা) | | | | রেজিস্ট্রেশন/ নবায়ন আছে কিনা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | সচল | অচল | মেরামত অযোগ্য | অযোগ্য হলে গৃহীত পদক্ষেপ | |
| ১। | এ্যাম্বুলেন্স | **০২** | **সিএম এস ডি** | | **২৯/৩/০৩, ২২/১০/১৮** | **১** | **১** | | **প্রক্রিয়াধীন** | |

**৬. বীরমুক্তিযোদ্ধা, প্রতিবন্ধীএবংসিনিয়রসিটিজেনদেরজন্যস্বাস্থ্যসেবাগ্রহণেরক্ষেত্রেগৃহীতব্যবস্থাসমূহউল্লেখকরুনঃ**

অগ্রাধিকার ভিত্তিতে এবং বিনা মূলে প্রয়োজনীয় চিকিৎসা সেবা ও ঔষধ পত্র প্রদান , অন্তঃ বিভাগে নিদিষ্ট বিছানা প্রদান সহ প্রয়োজনীয় ঔষধ পত্র সরবরাহ ।

## ৭.ক.কোভিড-১৯ ব্যবস্থাপনাঃ

১। কোভিড ওয়ার্ড / আইসোলেশন সেন্টার

২। কোভিড ওয়ার্ড / আইসোলেশন সেন্টার বেড সংখ্যা- ২০

৩। এ পর্যন্ত মোট কোভিড রোগীর সংখ্যা- ২৪৪1

৪। কোভিড-১৯ এ আক্রান্ত মৃত রোগীর সংখ্যা- ১১

## খ. কোভিড-১৯ ভেক্সিনেশনঃ

| মোট টার্গেট পপুলেশন (১২ বছর এবং তদুর্ধ) | প্রথম ডোজ **প্রাপ্ত শতকরা হার**(%) | দ্বিতীয় ডোজ**প্রাপ্ত শতকরা হার** (%) | বুস্টার ডোজ **প্রাপ্ত শতকরা হার** (%) | মন্তব্য |
|---|---|---|---|---|
| **২৬৫২২১** | **৮৮%** | **৮৪%** | **৪৩%** | |

## উপজেলায় ২০২০-২০২৫ সালের পঞ্চবার্ষিকী কি ?

১। অত্র উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সটি ৩১ শয্যা হইতে ৫০ শয্যায় উন্নীত হলেও ৫০ শয্যার জনবল অনুযায়ী প্রযোজনীয় সংখ্যক আবাসিক বাসভবন নির্মান না থাকায় কর্মকর্তা ও কর্মচারীদের চাহিদা অনুযায়ী আবাসন সুবিধা প্রদান করা সম্ভব হইতেছে না। তাই কর্মকর্তা ও কর্মচারীদের আবাসান সমস্যা সমাধান কল্পে আরোও কিছু সংখ্যক আবাসিক বাসভবন নির্মাণ করন।

২। অত্র ৫০ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স- এ আলাদা কোন ষ্টোর না থাকায় ঔষধ পত্রাদিসহ অন্যান্য জিনিস পত্রাদি সংরক্ষণে খুবই সমষ্যা সৃষ্টি হইতেছে। তাই নতুন ষ্টোর নির্মান করা।

৩। অত্র ৫০ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স- এ চিকিৎসকদের পদসংখ্যা অনুযায়ী এবং হাসপাতালের বিভিন্ন বিভাগের জন্য পর্যাপ্ত পরিমান কক্ষ না থাকায় চিকিৎসা সেবা কার্যক্রম কিছুটা বিঘ্নিত হইতেছে এবং অন্যান্য বিভাগের কর্মচারীদের অফিসিয়ার কার্যক্রম পরিচালনার জন্য নিদিষ্ট সংখ্যক কক্ষ প্রদান সম্ভব হইতেছে না। এমতাবস্থায় নতুন ভবন নির্মানের স্বার্থে উক্ত বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করন সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা ।

- অত্র উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্-এ আওতাধীন ০২ টি উপ-স্বাস্থ্য কেন্দ্রের মেরামত কাজ করন।
- অত্র স্বাস্থ্য কমপ্লেক্-এর আওতাধীন ৩২টি কমিউনিটি ক্লিনিকের মধ্যে ০৬টি কমিউনিটি ক্লিনিকের পূন:নির্মান কাজ চলমান। উক্ত কমিউনিটি ক্লিনিকসমূহে সীমান প্রাচীন নেই, প্রয়োজনীয় আসবাব পত্র নেই, অবকাঠামো সংকট আছে। সেসব দূরীকরনের ব্যবস্থা গ্রহন।

| ক্র:নং | বিবরন | ২০২০ -২০২১ | ২০২১ -২০২২ | ২০২২ -২০২৩ | ২০২৩ -২০২৪ | ২০২৪ -২০২৫ |
|---|---|---|---|---|---|---|
| ১। | গড় আয়ু বৃদ্ধি | ৭২.২ | ৭২.৩ | ৭২.৫ | ৭২.৬ | ৭২.৮ |
| ২। | শিশু মৃত্যু হ্রাস (প্রতি হাজার জীবিত) | ১৬.৭ | ১৬.৫ | ১৬.৩ | ১৬.০ | ১৫.৫ |
| ৩। | ৫ বছর কম বয়সী শিশু মৃত্যু হ্রাস (প্রতি হাজার) | ৩০.৭ | ৩০.২ | ২৯.৪ | ২৮.৮ | ২৮ |
| ৪। | মাতৃ্য-মৃত্যু হ্রাস (প্রতি লক্ষ্ জীবিত জন্মে) | ১৫২ | ১৪১ | ১৩০ | ১২০ | ১১০ |
| ৫। | সংক্রামক রোগের বিস্তার, মৃত্যু হ্রাস ও নিরাময় বৃদ্ধি, এইচআইভি-তে মৃত্যু | ০ | ০ | ০ | ০ | ০ |
| | ম্যালেরিয়াতে মৃত্যু | ০ | ০ | ০ | ০ | ০ |
| | যক্ষ্মা রোগ নিরাময় | ৯৭% | ৯৮% | ৯৫% | ৯৯% | ৯৯.৫% |
| ৬। | অসংক্রামক রোগ সংক্রামনের হার মৃত্যু ঝুকি হ্রাস। | ৮৫% | ৯০% | ৯২% | ৯৫% | ১০০% |
| ৭। | টিকা কভারেজ বৃদ্ধি | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% |
| ৮। | ভিটামিন এ প্লাশ ক্যাপসুল খাওনোর বৃদ্ধি | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% |
| ৯। | কৃমিনাশক ট্যাব. খাওনো বৃদ্ধি | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% |
| ১০। | কিশোর ও কিশোরীদের স্বাস্থ্য সেবা বৃদ্ধি | ৭৫% | ৮০% | ৮৫% | ৯০% | ৯৫% |
| ১১। | সিসিতে স্বাস্থ্য শিক্ষা প্রদান | ১৯১ | ২২২ | ২৫০ | ৩০০ | ৩৫০ |
| ১২। | গর্ভবর্তী মায়েদের আয়রন ফলিক এসিড বিতরন | ৯৭% | ১০৫% | ১০০% | ১০০% | ১০০% |
| ১৩। | বেড অকুপেন্সি ত্রুটি বৃদ্ধি | ৮৫% | ৮৮% | ৯০% | ৯৫% | ১০০% |
| ১৪। | হাসপাতালে স্বাস্থ্য শিক্ষা সেশণ | ২৬০ | ৩০০ | ৩২০ | ৩৪০ | ৩৫০ |
| ১৫। | প্রাথমিক বিদ্যালয়ে স্বাস্থ্য শিক্ষা সেশন | ২৯৫ | ৬০০ | ৬২৫ | ৬৫০ | ৬৭৫ |
| ১৬। | হাসপাতালে পরিদের্শনের রির্পোট বাস্তবায়ন | ৭৫% | ৮০% | ৮৫% | ৯০% | ১০০% |
| ১৭। | কিউআইসি সভা আয়োজন | ১ | ৪ | ৬ | ১২ | ১২ |
| ১৮। | মেটারনাল ও নিউ ম্যাটানাল রিভিউ | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% |